অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/31/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

কোভিড-19 ডেল্টা ভ্যারিয়েন্টের বিরুদ্ধে লড়াইয়ের জন্য গভর্নর হোচুলের নতুন পদক্ষেপ গ্রহণের ঘোষণা

টিকা গ্রহণ না করা স্কুল কর্মীদের জন্য স্টেটব্যাপী প্রতি সপ্তাহে পরীক্ষা করানোর বাধ্যবাধকতা সংক্রান্ত নতুন পরিকল্পনা ঘোষণা

স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোতে বুস্টার শট বিতরণ বিকেন্দ্রীকরণ, এসব প্রচেষ্টায় সহায়তার জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোতে 65 মিলিয়ন ডলার অর্থায়নের ঘোষণা

স্টেট নিয়ন্ত্রিত সব ফ্যাসিলিটিতে সব কর্মীদের জন্য স্টেটের ভ্যাকসিন ম্যান্ডেট বাস্তবায়ন

এই শরতে স্কুলগুলোতে নিরাপদে, ফলপ্রসূভাবে ফিরে আসা নিশ্চিত করতে সাহায্য করার জন্য গভর্নরের বিস্তৃত পরিকল্পনার সাথে নতুন পদক্ষেপ সংযোজন

গভর্নরের প্রথম কার্যদিবসে কার্যকর হওয়া সকল স্কুলের জন্য সর্বজনীন মাস্ক বিষয়ক বাধ্যবাধকতা এবং 585 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল ব্যবহার করে $585 মিলিয়ন ডলারের স্কুল টেস্টিং কর্মসূচিকে অনুসরণ করে

গভর্নর ক্যাথি হোচুল আজ কোভিড-19 (COVID-19) ডেল্টা ভ্যারিয়েন্টের বিরুদ্ধে লড়াইয়ের জন্য নতুন পদক্ষেপ গ্রহণের ঘোষণা দিয়েছেন এবং এই ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ের অগ্রগতি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদেরকে হালনাগাদ তথ্য সরবরাহ করেছেন।

ইউনিভার্সিটি অ্যাট বাফেলো জ্যাকবস স্কুল অব মেডিসিনে (University at Buffalo Jacobs School of Medicine) বক্তব্য রাখার সময়, গভর্নর ঘোষণা দিয়েছেন যে টিকা গ্রহণ না করা সরকারি ও চার্টার স্কুলের কর্মীদের জন্য বাধ্যতামূলক সাপ্তাহিক কোভিড-19 পরীক্ষার ব্যবস্থা করা এবং স্টেট-নিয়ন্ত্রিত ফ্যাসিলিটি ও জনসমাগমের পরিবেশে কর্মরত সব কর্মীর জন্য টিকাগ্রহণের বাধ্যবাধকতা আরোপের বিষয়ে তিনি আগামী দিনগুলোতে স্থানীয়দের সাথে, স্টেটের স্বাস্থ্য বিভাগ ও জনস্বাস্থ্য বিভাগ (Public Health) এবং স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিলের (Health Planning Council) সাথে কাজ করবেন। গভর্নর ঘোষণা করেছেন যে স্টেটব্যাপী বুস্টার শটগুলোর দ্রুত ও নির্ভরযোগ্য বিতরণে সহায়তার জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোর জন্য 65 মিলিয়ন ডলার বরাদ্দ থাকবে।

"গত বছর স্টেটজুড়ে প্রতিটি কমিউনিটি দৃঢ়তার সাথে 'আমরা এটি পারবো' এই বক্তব্য জানান দিতে একতাবদ্ধ হয়েছিল," **বলেছেন গভর্নর হোচুল।** "এই যুদ্ধ শেষ হয়নি এবং ডেল্টা ভ্যারিয়েন্ট একটি গুরুতর হুমকি, বিশেষ করে যারা এখনো টিকা গ্রহণ করেনি তাদের জন্য। একে অপরকে সুরক্ষিত রাখতে আমাদের সবাইকে সতর্ক থাকতে হবে - আর এর মানে হলো আপনার শট ও বুস্টার শট গ্রহণ করার জন্য এগিয়ে আসতে হবে, ভবনের ভেতরে মাস্ক পরতে হবে, এবং এখন আমাদের সবার কাছে পরিচিত হয়ে ওঠা প্রাথমিক নিরাপত্তামূলক পদক্ষেপগুলো অনুশীলন করতে হবে।"

শিশুদেরকে তাদের সবচেয়ে কার্যকরভাবে শিক্ষাগ্রহণের জায়গায় অর্থাৎ স্কুলগুলোতে ফিরিয়ে আনা এবং শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীদের সুরক্ষিত রাখা গভর্নর হোচুলের শীর্ষ অগ্রাধিকার। স্কুলে প্রবেশকারী সবার জন্য স্টেটের স্বাস্থ্য বিভাগের মাস্ক পরিধানের নির্দেশনার সংযোজন হিসেবে, গভর্নর স্থানীয়দের সাথে, স্টেটের স্বাস্থ্য বিভাগ ও জনস্বাস্থ্য বিভাগ এবং স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিলের সাথে আগামী দিনগুলোতে টিকা গ্রহণ না করা স্কুলকর্মীদের জন্য বাধ্যতামূলক সাপ্তাহিক কোভিড-19 পরীক্ষার ব্যবস্থা বাস্তবায়নে কাজ করবেন।

গত সপ্তাহে স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিগুলোর সব কর্মীর টিকা গ্রহণ বাধ্যতামূলক করার জন্য স্বাস্থ্য বিভাগের দেয়া ঘোষণার পরে, স্টেট-নিয়ন্ত্রিত সব ফ্যাসিলিটির কর্মীদের জন্য কিভাবে এই বাধ্যবাধকতা সম্প্রসারণ করা যায় সে বিষয়টি স্টেট বিবেচনা করছে।

স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলো নিউ ইয়র্কে বুস্টার শট বিতরণে সহায়তা করবে, যা তাদের কমিউনিটির কাছে দ্রুত বুস্টার শট পৌঁছে দেয়ার জন্য তাদের জ্ঞান ও কর্মীদলকে ব্যবহারের সক্ষমতা প্রদান করবে। গভর্নর এই প্রচেষ্টার জন্য অবকাঠামো নির্মাণের উদ্দেশ্যে স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোর জন্য $65 মিলিয়ন ডলার বরাদ্দ করছেন।

30 আগস্ট পর্যন্ত নিউ ইয়র্কে কোভিড-19 এর সংখ্যা:

- যতগুলি পরীক্ষার ফলাফল জানানো হয়েছে - 95,579
- মোট পজিটিভ - 3,789
- পজিটিভের শতকরা হার - 3.96%
- 7-দিনে পজিটিভের গড় শতকরা হার - 3.35%
- হাসপাতালে ভর্তি হওয়া রোগী - 2,234 (+48)
- নতুন ভর্তি হওয়া রোগী - 232
- ICU-তে রোগী - 484 (+16)
- ICU-তে ইনটিউবেশনসহ রোগী - 247 (+18)
- মোট ডিসচার্জ - 192,839 (+185)
- HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত নতুন মৃত্যু - 22
- HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু - 43,573
- CDC-এর মাধ্যমে রিপোর্টকৃত ও সংকলিত মোট মৃত্যু - 55,602

31 আগস্ট সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্কে কোভিড-19 টিকাদানের সংখ্যা:
- মোট প্রয়োগ করা টিকার ডোজ - 23,665,694
- গত 24 ঘণ্টায় মোট প্রয়োগ করা টিকার ডোজ - 46,143
- গত 7 দিনে মোট প্রয়োগ করা টিকার ডোজ - 367,128
- 18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন - 77.0%
- 18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন - 69.9%
- 18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন (CDC) - 79.7%
- 18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC) - 71.6%
- সকল নিউ ইয়র্কবাসীর যত শতাংশ টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন - 64.9%
- সকল নিউ ইয়র্কবাসীর যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন - 58.5%
- সকল নিউ ইয়র্কবাসীর যত শতাংশ টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন (CDC) - 67.3%
- সকল নিউ ইয়র্কবাসীর যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন (CDC) - 60.0%

30 আগস্ট পর্যন্ত ওয়েস্টার্ন নিউ ইয়র্কে কোভিড-19 এর সংখ্যা:
- যতগুলি পরীক্ষার ফলাফল জানানো হয়েছে - 4,320
- মোট পজিটিভ - 244
- পজিটিভের শতকরা হার - 5.6%
- 7-দিনে পজিটিভের গড় শতকরা হার - 4.11%
- হাসপাতালে ভর্তি হওয়া রোগী - 135 (+8)
- নতুন ভর্তি হওয়া রোগী - 15 (+1)
- ICU-তে রোগী - 39 (+2)
- ICU-তে ইনটিউবেশনসহ রোগী - 33 (+1)
- মোট ডিসচার্জ - 9,233 (+6)
- HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত নতুন মৃত্যু - 2
- HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু - 2,586
- CDC-এর মাধ্যমে রিপোর্টকৃত ও সংকলিত মোট মৃত্যু - লভ্য নেই

29 আগস্ট পর্যন্ত ওয়েস্টার্ন নিউ ইয়র্কে কোভিড-19 টিকাদানের ডাটা:
- মোট প্রয়োগ করা টিকার ডোজ - 1,548,815
- গত 24 ঘণ্টায় মোট প্রয়োগ করা টিকার ডোজ - 1,636
- গত 7 দিনে মোট প্রয়োগ করা টিকার ডোজ - 15,439
- 18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন - 72.3%
- 18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন - 67.7%
- সকল নিউ ইয়র্কবাসীর যত শতাংশ টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন - 61.3%
- সকল নিউ ইয়র্কবাসীর যত শতাংশ টিকার সব ডোজ পেয়েছেন - 57.1%

লক্ষ্য করুন যে নিম্নলিখিত ক্ষেত্রে CDC ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অথবা অন্য অঞ্চলের ডাটা সরবরাহ করে না: 18 বছর বা তার বেশি বয়সী যারা টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন; 18 বছর বা তার বেশি বয়সী যারা টিকার সব ডোজ পেয়েছেন; যেসব নিউ ইয়র্কবাসী টিকার কমপক্ষে একটি ডোজ পেয়েছেন; যেসব নিউ ইয়র্কবাসী টিকার সব ডোজ পেয়েছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন